ভোরের কাগজ ৫৩
তারিখ ... AUG. 24 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
## বাংলাদেশ, ঢাকা

# পিটিআইসমূহে সি-ইন-এড দ্বিতীয় শিফট প্রশিক্ষণ কোর্সে রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের ভর্তি বিজ্ঞপ্তি
## শিক্ষাবর্ষ : জানুয়ারী-ডিসেম্বর ২০০০
## (দ্বিতীয় শিফট)

১। বাংলাদেশের ৫৩টি সরকারী পিটিআইতে জানুয়ারী-ডিসেম্বর /২০০০ শিক্ষাবর্ষ হইতে সি-ইন-এড প্রশিক্ষণ কোর্স ডবল শিফটে পরিচালনার ব্যবস্থা নেওয়া হইয়াছে। জানুয়ারী-ডিসেম্বর ২০০০ শিক্ষাবর্ষে দ্বিতীয় শিফটে প্রতিটি পিটিআইতে ২০০ জন রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষক ভর্তি করা হইবে।

ক) প্রত্যেক পিটিআইতে ভর্তির জন্য এলাকা (ক্যাচমেন্ট এরিয়া) বিভাজন করিয়া ইতিমধ্যে সংশ্লিষ্ট পিটিআই সুপার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও থানা শিক্ষা অফিসারদের নিকট প্রেরণ করা হইয়াছে। ভর্তি ইচ্ছুক প্রার্থীগণকে নিজ নিজ এলাকার জেলা ও থানা শিক্ষা অফিসারদের নিকট হইতে ক্যাচমেন্ট এরিয়া জানিয়া নির্ধারিত পিটিআইতে আবেদনপত্র জমা দিতে হইবে। পিটিআই হইতেও ক্যাচমেন্ট এরিয়া জানা যাইবে।

খ) যে সকল রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৪জন শিক্ষক কর্মরত আছেন তাদের মধ্য হইতে ২ (দুই) জন শিক্ষক দরখাস্ত করিতে পারিবেন। তবে দরখাস্তের সাথে সংশ্লিষ্ট ক্লাস্টারের এটিইও এর নিকট হইতে বিদ্যালয়ে ৪জন শিক্ষক কর্মরত আছেন এই মর্মে একটি সার্টিফিকেট সংগ্রহ করিয়া আবেদনপত্রের সহিত জমা দিতে হইবে।
প্রতিটি দরখাস্তের সঙ্গে সংশ্লিষ্ট পিটিআই সুপারের অনুকূলে ভর্তি পরীক্ষার ফি হিসেবে ২০/- (বিশ) টাকার পোস্টাল অর্ডার অথবা সোনালী ব্যাংকের পে-অর্ডার দাখিল করিতে হইবে।

গ) আবেদনকারীকে ন্যূনতম এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

ঘ) ভর্তি ইচ্ছুক প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৫০ বছর হইতে হবে।

ঙ) ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষায় অবতীর্ণ হইতে হইবে।

চ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধানুসারে থানার জন্য নির্ধারিত কোটার ভিত্তিতে ভর্তি করা হইবে।

ছ) একটি বিদ্যালয় হইতে একাধিক শিক্ষক ভর্তি পরীক্ষায় নির্বাচিত হইলে মেধা/জ্যেষ্ঠতা অনুসারে কেবল মাত্র একজন শিক্ষককে ভর্তি করা হইবে।

জ) ভর্তিকৃত প্রত্যেক রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষককে এক বছর মেয়াদী সি-ইন-এড (দ্বিতীয় শিফট) কোর্স চলাকালে মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা ও ৩০০/- (তিনশত) টাকা হারে আবাসন ভাতা দেওয়া হইবে। দ্বিতীয় সিফটের প্রশিক্ষণার্থীদের পিটিআই সংলগ্ন এলাকায় নিজ দায়িত্বে বাড়ী ভাড়া করিয়া থাকার ব্যবস্থা করিতে হইবে।

ঝ) ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হইবে :
১। সকল পরীক্ষা পাসের মূল সনদপত্র।
২। দুই কপি পাসপোর্ট আকারের ছবি।
৩। থানা শিক্ষা অফিসারের ডেপুটেশন আদেশ ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সম্মতি পত্র।
৪। সি-ইন-এড বোর্ড কর্তৃক নির্ধারিত ভর্তি ফিস।

ঞ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য প্রার্থীদের ঠিকানায় সংশ্লিষ্ট পিটিআই হইতে প্রবেশপত্র প্রেরণ করা হইবে।

২। দরখাস্তের নিয়মাবলী :
ক) সংযুক্ত ছক মোতাবেক সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র সংশ্লিষ্ট পিটিআই-এর সুপারিনটেনডেন্ট বরাবরে জমা দিতে হইবে।
খ) দরখাস্তের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপিসহ দুই কপি সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট আকারের ছবি জমা দিতে হইবে।
গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা দেওয়া হইবে না।

৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য :
ক) আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ১৮ই নভেম্বর '৯৯ বৃহস্পতিবার।
খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় : ৩রা ডিসেম্বর '৯৯ শুক্রবার সকাল ১০টা। স্থান : সংশ্লিষ্ট পিটিআই।
গ) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ : ০৬ই ডিসেম্বর '৯৯ (সংশ্লিষ্ট পিটিআই নোটিশ বোর্ড)।
ঘ) ভর্তির তারিখ : ১৫ই ডিসেম্বর '৯৯ হইতে ৩০শে ডিসেম্বর '৯৯।
ঙ) ক্লাস শুরু : পবিত্র রমজানের ছুটির পর। ক্লাস শুরুর তারিখ ভর্তির সময় পিটিআই হইতে জানিয়া নিতে হইবে।
চ) ভর্তি পরীক্ষা বিষয়ক যাবতীয় তথ্য সংশ্লিষ্ট পিটিআই হইতে জানা যাইবে।

### ছক

সি-ইন-এড কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র
পিটিআই-এর নাম:
১) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে) বাংলায় (এসএসসি সনদ অনুসারে) ——
২) পিতার নাম : (এসএসসি সনদ অনুসারে) ——
৩) কর্মরত স্কুলের নাম : —— ডাকঘর : ——
থানা : —— জেলা : ——
৪) স্থায়ী ঠিকানা : —— গ্রাম : —— ডাকঘর : ——
থানা : —— জেলা : ——
৫) জন্ম তারিখ : (এসএসসি সনদ অনুসারে) : ——
৬) ১লা জানুয়ারী ২০০০ ইং তারিখে বয়স : বছর মাস দিন
৭) শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | সন |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |
| ৪ | | | |
| ৫ | | | |

৮) পোস্টাল/ব্যাংক পে-অর্ডার নম্বর ও তারিখ :
প্রার্থীর পূর্ণ স্বাক্ষর

প্রফেসর সালেহ মতিন
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

ডিএফপি-১৮০৪১-১৮/৮/৯৯ (১২"×৩)
ডিস-১৯০৩/৯৯